

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪৪৭৭
আগরতলা, ৬ মার্চ, ২০১৯

মাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক পরীক্ষার আজ নতুন সিলেবাসে বাংলা/ হিন্দি/ ককবরক/ মিজো, পুরাতন সিলেবাসে ইংরেজি/ বাংলা, মাদ্রাসা আলিম, নতুন সিলেবাসে বাংলা, মাদ্রাসা আলিম, পুরাতন সিলেবাসে ইংরেজি বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। রাজ্যের মোট ৭৬টি (উপকেন্দ্রসহ ১৫১টি) মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের সবকয়টি পরীক্ষাকেন্দ্রই অবস্থা শান্তিপূর্ণ ছিল। আজকের এই পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার জন্য কোন পরীক্ষার্থীকে বহিষ্কার করার সংবাদ পাওয়া যায়নি। অবশ্য সব পরীক্ষাকেন্দ্রের সব তথ্য এই সংবাদ প্রেরণ করা পর্যন্ত পাওয়া যায়নি।

আজ পর্ষদ সভাপতি খোয়াই বয়েজ উচ্চমাধ্যমিক বিদ্যালয়, খোয়াই উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয়, কল্যাণপুর উচ্চমাধ্যমিক বিদ্যালয়, তেলিয়ামুড়া উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও চেবরি উচ্চমাধ্যমিক বিদ্যালয় এবং পর্ষদের একজন উপসচিব কিরীট বিক্রম ইন্সটিটিউশন, রমেশ উচ্চমাধ্যমিক বিদ্যালয়, গর্জি উচ্চমাধ্যমিক বিদ্যালয়, চন্দ্রপুর উচ্চমাধ্যমিক বিদ্যালয়, হরিয়ানন্দ উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয় ও উদয়পুর উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয় পরীক্ষাকেন্দ্রগুলি পরিদর্শন করেন। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
